নেত্রকোণা সদর উপজেলা পরিষদের মে ২০২৪ মাসে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী :

সভাপতি : মোঃ আতাউর রহমান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা
সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।
সভার তারিখ : ২৮.০৫.২০২৪
সভার সময় : সকাল ১১.৩০ ঘটিকা
সভা নং : ৫৯

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা যথাক্রমে পরিশিষ্ট ক, খ ও গ দ্রষ্টব্য ঃ

উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ আতাউর রহমান, উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর তিনি উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান। অত:পর বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং কোন সংশোধনী না থাকায় উক্ত কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

| ক্র নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান ২০২৩-২০২৪ অর্থ বছরের এডিপি ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল এর আওতায় অনুমোদিত চূড়ান্ত প্রকল্পের পিআইসির কার্যক্রম শেষ পর্যায়ে রয়েছে এবং টেন্ডার প্রক্রিয়ায় অনুমোদিত প্রকল্পগুলো কার্যক্রম চলমান রয়েছে। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br>উপজেলা প্রকৌশলী জানান উপজেলা পরিষদের অভ্যন্তরীন রাস্তাসমূহ, ড্রেন জরুরি মেরামত ও সীমানা প্রাচীর রং করার জন্য বার্ষিক উন্নয়ন কর্মসূচির "ভবনাদি মেরামত ও রক্ষণাবেক্ষণ খাতের আওতায় ৫৮,৭১,০৭৪.০০ (আটান্ন লক্ষ একাত্তর হাজার চুয়াত্তর) টাকা বরাদ্দ প্রদানের জন্য স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। এ প্রেক্ষিতে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ১৯ মে ২০২৪ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.২০. ০০২.২৩-৪২৭ নং স্মারকে উপজেলা পরিষদের রাস্তা মেরামত (পার্ট-১), উপজেলা পরিষদের সিসি রাস্তা সংস্কার (পার্ট-২) এবং উপজেলা পরিষদের নিরাপত্তা প্রাচীর রংকরণ (পার্ট-৪) বাবদ ৩৫,০০,০০০/- (পঁয়ত্রিশ লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দ দ্বারা উল্লিখিত প্রকল্পসমূহ আগামী ৩০ জুন ২০২৪ তারিখের মধ্যে বাস্তবায়ন করতে হবে। সময় সল্পতার জন্য প্রকল্পসমূহ টেন্ডার প্রক্রিয়ায় বাস্তবায়ন করা সম্ভব নয়। তাই প্রকল্পসমূহ পিপিআর মোতাবেক আরএফকিউ প্রক্রিয়ায় যথাযথভাবে বাস্তবায়নের জন্য প্রস্তাব করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২০২৩-২০২৪ অর্থ বছরের এডিপি ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল এর আওতায় অনুমোদিত চূড়ান্ত প্রকল্পের ৫% সাশ্রয়ী বাবদ ১৪,২৯,৬৮২/- (চৌদ্দ লক্ষ উনত্রিশ হাজার ছয়শত বিরাশি) টাকা সংরক্ষিত আছে। উক্ত বরাদ্দ দ্বারা প্রকল্প গ্রহণ করার জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানান।<br><br>উপস্থিত বিআরডিবি কর্মকর্তা তার অফিসের হলরুম ও টয়লেট মেরামত করার জন্য অনুরোধ জানান। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার তার অফিসের ছাদ সংস্কার করার জন্য ও অফিস কক্ষ সংস্কার করার জন্য জানান। উপজেলা প্রকৌশলী তার অফিসের ০২টি কম্পিউটার সেট সরবরাহ করার জন্য অনুরোধ জানান। তাছাড়া মেদনী ইউপি চেয়ারম্যান তার ইউনিয়ন পরিষদের ইউনিয়ন পরিষদে যাওয়ার রাস্তার ডান পার্শ্বে পুকুরে প্রতিরক্ষা দেয়াল নির্মাণ ও মেদনী ইউনিয়নের কৃষ্ণপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রাক প্রাথমিক শাখা কক্ষ ও অফিস কক্ষে টাইলস স্থাপন করার অনুরোধ জানান। | (ক) ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল এর আওতায় অনুমোদিত প্রকল্প যথাসময়ে বাস্তবায়নের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(খ) স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ১৯ মে ২০২৪ তারিখের ৪৬. ০০. ০০০০. ০৪৫. ২০. .২৩-৪২৭ নং স্মারকে উপজেলা পরিষদের রাস্তা মেরামত (পার্ট-১), উপজেলা পরিষদের সিসি রাস্তা সংস্কার (পার্ট-২) এবং উপজেলা পরিষদের নিরাপত্তা প্রাচীর রংকরণ (পার্ট-৪) বাবদ ৩৫,০০,০০০/- (পঁয়ত্রিশ লক্ষ) টাকা বরাদ্দ দ্বারা প্রকল্পসমূহ পিপিআর মোতাবেক আরএফকিউ প্রক্রিয়ায় যথাযথভাবে বাস্তবায়নের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(গ) বিআরডিবি কর্মকর্তা অফিসের হলরুম মেরামত ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের অফিস কক্ষ মেরামত বাবদ ৫,০০,০০০/-, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের ছাদ মেরামত ও বিআরডিবি অফিসের টয়লেট নির্মাণ ৩,৩৬,০৮২/-, উপজেলা প্রকৌশলীর কার্যালয়ে ০২টি কম্পিউটার সেট সরবরাহ বাবদ ৯৩,৬০০/-টাকা, মেদনী ইউনিয়ন পরিষদে যাওয়ার রাস্তার ডান পার্শ্বে পুকুরে প্রতিরক্ষা দেয়াল নির্মাণ বাবদ ৪,০০,০০০/- ও মেদনী ইউনিয়নের কৃষ্ণপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রাক প্রাথমিক শাখা কক্ষ ও অফিস কক্ষে টাইলস স্থাপন ববাদ ১,০০,০০০/- বরাদ্দ প্রদান এবং সময় সল্পতার জন্য পিপিআর মোতাবেক আরএফকিউ প্রক্রিয়ায় দ্রুত প্রকল্পসমূহ | উপজেলা প্রকৌশলী, নেত্রকোণা সদর, নেত্রকোণা ও সংশ্লিষ্ট সকল। চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | উপজেলা প্রকৌশলী জানান বিআরডিবি কর্মকর্তার অফিসের হলরুম ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের অফিস কক্ষ মেরামত বাবদ ৫,০০,০০০/-, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের অফিসের ছাদ ও বিআরডিবির টয়লেট ববাদ টাকা, ৩,৩৬,০৮২/-, প্রকৌশলীর কার্যালয়ে ০২টি কম্পিউটার সেট সরবরাহ বাবদ ৯৩,০৬০০/- টাকা, মেদনী ইউনিয়ন পরিষদে যাওয়ার রাস্তার ডান পার্শ্বে পুকুরে প্রতিরক্ষা দেয়াল নির্মাণ বাবদ ৪,০০,০০০/- ও মেদনী ইউনিয়নের কৃষ্ণপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রাক প্রাথমিক শাখা কক্ষ ও অফিস কক্ষে টাইলস স্থাপন ববাদ ১,০০,০০০/- বরাদ্দ দেয়ার জন্য প্রস্তাব করেন এবং সময় সল্পতার জন্য পিপিআর মোতাবেক আরএফকিউ দ্বারা প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য অনুরোধ জানান।<br><br>২০২৩-২০২৪ অর্থ বছরের উপজেলা রাজস্ব তহবিলের বাসাবাড়ী খাতের ১০,০০,০০০/- বরাদ্দ আছে। উক্ত বরাদ্দ দ্বারা উপজেলা পরিষদের উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার অফিসের অফিস কক্ষ সম্প্রসারণ বাবদ ৭০০,০০০ টাকা এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের স্টাফ টয়লেট মেরামত ও উপজেলা নির্বাহী অফিসারের টয়লেট মেরামত বাবদ ৩,০০,০০০/- টাকা দ্বারা সময় স্বল্পতার জন্য পিপিআর মোতাবেক আরএফকিউ প্রক্রিয়ায় প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য প্রস্তাব করেন। এ বিষয়ে সকল সদস্যগণ একমত পোষণ করেন এবং আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>তিনি জানান উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় নেত্রকোণা জেলার সদর উপজেলায় অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প (৬ষ্ঠ পর্যায়) এর আওতায় উপ-প্রকল্প নম্বর- ২০২১-২২-৪৫৭২৭৪-০২ উপজেলার ০৩টি আরডিও এবং ০৯ টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে মেডিকেল সরঞ্জামাদি সরবরাহ কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন হয়েছে। উক্ত প্রকল্পের বিল পরিশোধের জন্য যথাযথ কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণ করার জন্য অনুরোধ জানান।<br><br>তিনি জানান সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ১৯ মে ২০২৪ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.১৮.৩২২.২৪-৪৫০ নং স্মারকে উপজেলা পরিষদের আওতাধীন জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের অফিস ভবন ৯২,৯৬৮/- (বিরানব্বই হাজার নয়শত আটষট্টি টাকা) এবং উপজেলা পরিষদের আওতাধীন জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের গোডাউন ৭৬,৩৮৬/-(ছিয়াত্তর হাজার তিনশত ছিয়াশি) টাকা কনডেম প্রস্তাব অনুমোদন করত: বিধিমোতাবেক নিলামে বিক্রয়ের জন্য প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়েছে। উক্ত ভবনসমূহ নিলামে বিক্রয়ের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | বাস্তবায়নের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(ঘ) ২০২৩-২০২৪ অর্থ বছরের উপজেলা রাজস্ব তহবিলের বাসাবাড়ী খাতের ১০,০০,০০০/- বরাদ্দ দ্বারা উপজেলা পরিষদের উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার অফিস কক্ষ সম্প্রসারণ বাবদ ৭,০০,০০০ টাকা এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের স্টাফ টয়লেট মেরামত/ সংস্কার, উপজেলা নির্বাহী অফিসারের টয়লেট মেরামত/ সংস্কার বাবদ ৩,০০,০০০/- টাকা দ্বারা সময় স্বল্পতার জন্য পিপিআর মোতাবেক আরএফকিউ প্রক্রিয়ায় বাস্তবায়নের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(ঙ) উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় নেত্রকোণা জেলার সদর উপজেলায় অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প (৬ষ্ঠ পর্যায়) এর আওতায় উপ-প্রকল্প নম্বর- ২০২১-২২-৪৫৭২৭৪-০২ উপজেলার ০৩টি আরডিও এবং ০৯ টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যানকেন্দ্রে মেডিকেল সরঞ্জামাদি সরবরাহ কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন হয়েছে। উক্ত প্রকল্পের বিল পরিশোধের জন্য যথাযথ কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণ করার জন্য সর্বস্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(চ) উপজেলা পরিষদের আওতাধীন জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের অফিস ভবন ৯২,৯৬৮/- (বিরানব্বই হাজার নয়শত আটষট্টি টাকা) এবং উপজেলা পরিষদের আওতাধীন জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের গোডাউন =৭৬,৩৮৬/-(ছিয়াত্তর হাজার তিনশত ছিয়াশি) টাকা বিধিমোতাবেক নিলামে বিক্রয়ের জন্য জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ২. | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার জানান যে, দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। প্রতিমাসে নিয়মিত স্কুল পরিদর্শন করা হয়। বিদ্যালয়ে নিয়মিত শিক্ষকদের ও ছাত্র-ছাত্রীদের উপস্থিতি মনিটরিং করা হচ্ছে। বিদ্যালয়ের আশ-পাশ পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য প্রধান শিক্ষকগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে। তাছাড়া নিউটাউন বিলপাড় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নিলামকৃত জরাজীর্ণ ভবন অপসারণ বিলম্ব হচ্ছে যা দ্রুত অপসারণ প্রয়োজন। | (ক) নিয়মিত বিদ্যালয় পরিদর্শন করে আগামী সভায় প্রতিবেদন উপস্থাপন করতে হবে।<br>(খ) বিদ্যালয়ে যথাসময়ে শিক্ষকদের উপস্থিতি নিশ্চিত করত হবে।<br>(গ) শিক্ষার্থী ঝড়ে পড়া রোধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ঘ) বিদ্যালয়ের আঙিনা পরিষ্কার পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ঙ) যে সকল বিদ্যালয়ে ম্যানেজিং কমিটি নেই তা দ্রুত গঠনের পদক্ষেপ নিতে হবে। | উপজেলা প্রকৌশলী<br><br>উপজেলা শিক্ষা অফিসার, নেত্রকোণা সদর |

CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | বিলম্ব হচ্ছে যা দ্রুত অপসারণ প্রয়োজন। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ঘ) বিদ্যালয়ের আঙিনা পরিষ্কার পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ঙ) যে সকল বিদ্যালয়ে ম্যানেজিং কমিটি নেই তা দ্রুত গঠনের পদক্ষেপ নিতে হবে।<br><br>(চ) যে সকল প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশ ব্লক অকোজো আছে তা সরেজমিন পরিদর্শন পূর্বক তালিকা প্রস্তুত করে উপ- সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী বরাবর প্রেরণ করতে হবে।<br>(ছ) বিদ্যালয়ের জরাজীর্ণ ভবন এবং ঝড়ে পড়ে যাওয়া গাছ নিলামে বিক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(জ) নিউটাউন বিলপাড় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নিলামকৃত জরাজীর্ণ ভবন অপসারণ দ্রুত অপসারণের সিদ্ধান্ত গৃহীত য়। | |
| ৩. | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার জানান যে, রবি/২০২৩-২৪ মৌসুমে বোরো আবাদ লক্ষ্যমাত্রা ২১,৭৮০ হেক্টর নির্ধারণ করা হয়। অর্জন হাইব্রিড ৫০০০ হেক্টর, উফসী ১৬,৭৮০, স্থানীয় ০ সর্বমোট ২১,৭৮০ হেক্টর। মাঠে আবাদকৃত বোরো ফসলের সার্বিক অবস্থা ভাল। উপ-সহকারী কৃষি অফিসারগণ সার্বক্ষণিক কৃষকদের পাশে থেকে ফসলের পোকা মাকড় ও রোগবালাই দমনসহ অন্যান্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করে যাচ্ছেন। প্রাকৃতিক কোন প্রকার দুর্যোগ না আসলে ভাল ফলন আশা করেন। | (ক) সার ও বীজের কৃত্রিম সংকট যেন না হয় সেদিকে সর্তক দৃষ্টি রাখতে হবে।<br><br>(খ) কৃষি উৎপাদন বাড়াতে মাঠ পর্যায়ে কৃষকদের উদ্বুদ্ধকরণের পরামর্শ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(গ) কৃষি উৎপাদন (ধান, সরিষা, শাক সবজি, ফলমূল, পাট) বাড়াতে কর্মপরিকল্পনা প্রনয়ন করতে হবে এবং আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br>(ঘ) ইউনিয়নওয়ারী বিভিন্ন প্রকার সার কি পরিমান মজুদ আছে তা সভায় উপস্থাপন করতে হবে।<br>(ঙ) সারের বরাদ্দ ও বিতরণের তথ্যাদি ইউনিয়ন পরিষদের হোয়াটস্ অ্যাপস গ্রুপে প্রদান করতে হবে। | উপজেলা কৃষি অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা |
| ৪. | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান যে, গবাদি পশুর টিকা-৩২০০ মাত্রা, হাঁস-মুরগীর টিকা-৯৫০০ মাত্রা, গবাদি পশুর চিকিৎসা-২৯১১টি, হাসঁ-মুরগীর চিকিৎসা ২১০৩২টি এবং কৃত্রিম প্রজনন-১০৭৭ টি। নেত্রকোণা সদর উপজেলায় গবাদিপশুর খামার সংখ্যা ৭৮৮টি। হাওর এলাকায় সমন্বিত উন্নয়ন প্রকল্পের আওতায় ০৭টি ব্যাচে মোট ১৭৫ জন খামারীকে হাঁস- মুরগি পালনে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। | (ক) উপজেলায় কতটি গবাদি পশুর খামার আছে তার সঠিক সংখ্যা আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) গবাদি পশু মোটা তাজাকরণে রাসায়নিক দ্রব্য ব্যবহার প্রতিরোধে নিয়মিত মনিটরিং করতে হবে।<br>(গ) গবাদি পশুর রোগ ব্যাধি কমাতে ,মাঠ পর্যায়ে খামারীদের নিয়মিত পরামর্শ প্রদান করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা |
| ৫. | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, ৩য় পর্যায়ে টিআর-কাবিখা বিলগুলোর বরাদ্দ এখনো আইবাসে আসে নাই। বরাদ্দ আসলে দ্রুত বিল পরিশোধের ব্যবস্থা নেয়া হবে। আসন্ন পবিত্র ঈদুল আযহা উপলক্ষ্যে ভিজেএফ বরাদ্দ দেয়া হবে। তাছাড়া_ঘূর্ণিঝড় ও জরুরী পরিস্থিতি মোকাবেলায় ১২ মে: টন জিআর চাল মজুদ আছে বলে সকলকে অবহিত করেন। | (ক) ২০২৩-২০২৪ অর্থ বছরের কাবিখা, কাবিটা ও টিআর কর্মসূচির আওতায় দ্রুত প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার<br><br>চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) |

<table>
<tr><td></td><td></td><td></td><td>কিশোরী ক্লাব আছে তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে। যেসকল কিশোর কিশোরী ক্লাবে বিভিন্ন পদ শূন্য রয়েছে তা জরুরী ভিত্তিতে পূরণ করতে হবে।<br><br>(ঘ) মা ও শিশু সহায়তা কর্মসূচির ভাতাভোগীদের নামের তালিকা ইউনিয়ন কমিটি থেকে উপজেলা কমিটিতে দ্রুত পাঠাতে সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td></td></tr>
<tr><td>১০</td><td>জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ</td><td>উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য বিষয়ক কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>গভীর নলকূপসমূহ যথাসময়ে যথাযথভাবে স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>১১</td><td>পল্লী উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, তিনি জানান যে, উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি, আবর্তক (কৃষি) ঋণ কর্মসূচি, সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচী (সদাবিক), পল্লী প্রগতি কর্মসূচি, ক্ষুদ্র উদ্যোক্তা ঋন (এসএমই) কর্মসূচি, বীর মুক্তিযোদ্ধা ও তাদের পোষ্যদের প্রশিক্ষণ ও আত্মকর্মসংস্থান কর্মসূচির কার্যক্রম চলমান। এছাড়া সরকারের এডিপিভুক্ত দুইটি প্রকল্প-অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প (পিআরডিপি-৩) এবং দারিদ্র বিমোচনের জন্য পুষ্টিসমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচি চলমান রয়েছে এবং সুষ্ঠুভাবে বাস্তবায়িত হচ্ছে। অগ্রগতি নিম্নরুপ :
<table>
<tr><th>কার্যক্রম</th><th>২০২৩-২০২৪ অর্থবছরে অগ্রগতি</th><th>ক্রমপুঞ্জিত, অগ্রগতি</th></tr>
<tr><td>সমিতি/দলগঠন</td><td>-</td><td>২৮৩টি</td></tr>
<tr><td>উপকারভোগী/সদস্য ভর্তি</td><td>৫৫ জন</td><td>৬৯১৮জন</td></tr>
<tr><td>পুঁজি গঠন ( শেয়ার ও সঞ্চয় আদায়)</td><td>১.৫৮ লক্ষ</td><td>৯২.৫৫ লক্ষ</td></tr>
<tr><td>প্রশিক্ষণপ্রদান</td><td>৪০ জন</td><td>৩০৭০ জন</td></tr>
<tr><td>ঋণবিতরণ</td><td>৯৬.৩১ লক্ষ</td><td>২০৫১.৯৪ লক্ষ</td></tr>
<tr><td>ঋণআদায়</td><td>৫১.৯৪ লক্ষ</td><td>১৬৩৭.৬১ লক্ষ</td></tr>
<tr><td>ক্ষুদ্র স্কীম বাস্তবায়ন</td><td>-</td><td>৪৮ টি</td></tr>
</table></td><td>বিভাগীয় কার্যক্রম কার্যকর ও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>পল্লী উন্নয়ন কর্মকর্তা, নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>১২</td><td>সমবায় বিভাগ</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, ১৪০ টি সমবায় সমিতির মধ্যে ৬৫ টি সমবায় সমিতির অডিট সম্পাদন হয়েছে। ২০২২-২০২৩ সনে অডিট ফি বাবদ ২৫,০৯০/- এবং ১৫% ভ্যাট বাবদ ৩৭৬৪/- আদায় করা হয়েছে। ২০২২-২০২৩ অর্থ বছরে সম্পাদিত অডিটের ভিত্তিতে সমবায় উন্নয়ন তহিবলে ১১,৪৬২ টাকা আদায় করা হয়েছে।হাতকুন্ডলী আশ্রয়ণ প্রকল্পে ২১,০০,০০০/- ঘূর্ণায়মান ঋন প্রদান করা হয়েছে। তাছাড়া মুজিববর্ষ উপজলক্ষ্যে নির্মিত আশ্রয়নসমূহের মধ্যে এ পর্যন্ত ৪টি আশ্রয়নে সমবায় সমিতি নিবন্ধন করা হয়েছে। আরো ০২টি আশ্রয়নে সমবায় সমিতি নিবন্ধন কাজ চলমান রয়েছে।</td><td>মুজিববর্ষ উপলক্ষে নির্মিত আশ্রয়ন প্রকল্পসমূহে সমিতি গঠন করা হয়েছে কিনা এবং ঋণ বিতরণ করা হয়েছে কিনা তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।</td><td>উপজেলা সমবায় অফিসার, নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>১৩</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ধান ও চালের বাজার দর মনিটরিং করা হচ্ছে। নেত্রকোণা সদর উপজেলার চালকলসমূহে সরকার নির্দেশিত উপায়ে প্যাকেজিং করা হচ্ছে।</td><td>(ক) বর্তমানে কি কি কার্যক্রম চলমান রয়েছে তার বিস্তারিত তথ্য ও খাদ্যশস্য কি পরিমান মজুদ আছে তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) ওএমএস চাল বিতরণের সময় প্রত্যেক ডিলারের কার্যক্রম নিয়মিত পরিদর্শন করতে হবে।</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসার, নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>১৪</td><td>উপজেলা যুব উন্নয়ন</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান আগামী ০৪ নভেম্বর জাতীয় দিবস উদযাপন করা হবে। সকলকে জাতীয় যুব দিবসের অনুষ্ঠানে</td><td>বিভাগীয় কার্যক্রম কার্যকর ও গতিশীল</td><td></td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | প্যানেল আইনজীবী নিয়োগ করা হয়েছে। খেলাপী সদস্যদের আইনি প্রক্রিয়ায় খেলাপী টাকা আদায়ের ব্যবস্থা নেয়া হবে। | | ব্যাংক, নেত্রকোণা সদর |
| স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা জানান তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। জরুরী বিভাগের সেবার মান উন্নত করা হয়েছে এবং হাসপাতাল পরিষ্কার পরিচ্ছন্ন রাখা হয়। | (ক) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে কি কি ধরণের ঔষধ বিনামূল্যে প্রদান করা হয় এবং কি কি সরকারি সেবা প্রদান করা হয় তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) উপজেলা কতগুলো কমিউনিটি ক্লিনিক আছে তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে এবং কমিউনিটি ক্লিনিকগুলোতে বিনামূল্য কি কি সেবা ও ঔষধ প্রদান করা হয় তার তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(গ) কমিউনিটি ক্লিনিকগুলোতে প্রোভাইডারগণের নিয়মিত উপস্থিতি নিশ্চিত করতে হবে।<br>(ঘ) প্রতিমাসে অন্তত ০৩টি কমিউনিটি ক্লিনিক পরিদর্শন করে বিস্তারিত প্রতিবেদন সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, নেত্রকোণা সদর, নেত্রকোণা। |
| উপজেলা পরিচালন ও উন্নয়ন | উপজেলা ফিসিলিটেটর জানান স্থানীয় সরকারকে শক্তিশালীকরণের জন্য উপজেলা ওয়েব পোর্টাল আপডেট করতে হবে। তিনি উপজেলা পরিষদের মাসিক কার্যবিবরণী, এডিপি'র প্রতিবেদন, স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী ও পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রনয়ন এবং তা ওয়েব পোর্টালে আপডেট করার জন্য অনুরোধ জানান। | উপজেলা প্রকৌশলী (এলজিইডি)<br>উপজেলা পর্যায়ে কর্মকর্তা (সকল)<br>ইউপি চেয়ারম্যান (সকল) | |
| আইন, বিধি, সার্কুলার প্রজ্ঞাপন অবহিতকরণ | উপজেলা প্রকৌশলী জানান যে, সরকারি বিধি মোতাবেক বিভিন্ন পরিকল্পনা বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণ সভায় অনুরোধ জানান। | সরকারী বিধি মোতাবেক কমিটিগুলো অনুমোদিত ও গৃহীত হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | - |
| জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ক আলোচনা | উপজেলা নির্বাহী অফিসার জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমের সরকার নির্ধারিত কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানান। তিনি জানান জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমের তথ্য সংগ্রহের জন্য গ্রাম পুলিশদের কাজে লাগাতে হবে। প্রয়োজনে জন্ম-মৃত্যু নিবন্ধনের কার্যক্রমে এডিপি বরাদ্দের ১% অর্থ ব্যয় করা যাবে। ইউনিয়ন পরিষদ থেকে প্রাপ্ত গত ফেব্রুয়ারি ২০২৪ মাসের জন্ম মৃত্যু নিবদ্ধনের কার্যক্রমের তথ্যাদি পরিশিষ্ট 'গ' সভায় উপস্থাপন করা হয়। | জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম সরকার নির্ধারিত কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জনের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) |
| আয় ও ব্যয়ের হিসাব বিবরণী | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, গত ০১.০৪.২০২৪ তারিখ হতে ৩০.০৪.২০২৪ তারিখ পর্যন্ত ব্যাংক বিবরণী মোতাবেক আয় ১৫,৬৮,৬৯৪/৩৫ টাকা এবং ব্যয় ৩,৩৫,০৮৪.০০ টাকা। ব্যাংক স্থিতি ৩,১৮,৪৩,৫০৮/- টাকা। | চেয়ারম্যান উপজেলা পরিষদ<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার<br>নেত্রকোণা সদর, নেত্রকোণা | |
| বিবিধ-১ | (ক) উপজেলা পরিষদের মার্চ ও এপ্রিল ২০২৪ মাসের আপ্যায়ন,আনুষংগিক বিল ও পত্রিকার বিল সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) উপজেলা পরিষদের বিভিন্ন অনুষ্ঠানের ব্যানার বাবদ বিল পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) ১৪৩১ বাংলা সনের হাটবাজার ইজারার খরচ পরিশোধ ভূতাপেক্ষ অনুমোদনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় এবং হাট বাজার ইজারা বিজ্ঞপ্তি প্রকাশের বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঘ) আনসার বাহিনীর খাত হতে আনসার শেডে সিলিং ফ্যান স্থাপন ও আনুসঙ্গিক বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঙ) উপজেলা পরিষদের ইন্টারনেট বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(চ) উপজেলা পরিষদের জন্য ২টি সিসি টিভির মনিটর ক্রয় ও মেরামত বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | সরকারি নির্দেশনা মোতাবেক উল্লেখিত ব্যয় সমূহ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে মিটানোর বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২৬ | বিবিধ-২ | মৌগাতী, আমতলা ও চল্লিশা, লক্ষীগঞ্জ ইউনিয়নের রাস্তায় গাছ জরাজীর্ণ অবস্থায় রয়েছে । উক্ত গাছগুলো নিলামে বিক্রয় করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। যে সকল ইউনিয়নে রাস্তার গাছ জরাজীর্ণ অবস্থায় রয়েছে সেগুলোর তালিকার দেওয়ার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | মৌগাতী, আমতলা ও চল্লিশা, লক্ষীগঞ্জ ইউনিয়নের রাস্তায় জরাজীর্ণ গাছ নিলামে বিক্রয় করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। যে সকল ইউনিয়নে রাস্তার গাছ জরাজীর্ণ অবস্থায় রয়েছে সেগুলোর তালিকার দেওয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী<br><br>উপজেলা শিক্ষা অফিসার<br>চেয়ারম্যান, ইউপি (সকল) |
| ২৭ | বিবিধ-৩ | গত ১৫/০২/২৪ তারিখে জাতীয় পর্যায়ে স্টিয়ারিং কমিটির আলোচনায় মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনামতে সকল ইউনিয়ন পরিষদে ইউডিসির মাধ্যমে বিদেশ গমনেচ্ছুদের আবেদনের ব্যবস্থা এবং সেবায় সহনীয় মূল্য নির্ধারণ বিষয়ে আলোচনা হয়। তাছাড়া ইউডিসির মাধ্যমে এবং ইউনিয়ন পরিষদ থেকে প্রদত্ত সেবাসমূহের সেবামূল্য নির্ধারণ বিষয়ে আলোচনা হয়।<br><br>তাছাড়া স্মার্ট বাংলাদেশ বিনির্মানে এখন থেকে ডিজিটাল মাধ্যমে prottoyon.gov.bd থেকে নাগরিক সনদ, ওয়ারিশান সনদ, চারিত্রিক সনদসহ সকল সেবায় QR code সম্বলিত সনদ প্রদানের বিষয়ে আলোচনা হয়।<br><br>সভায় জানানো হয় সার্বজনীন পেনশন স্কীমে জনগণকে আরো বেশি সম্পৃক্ত এবং স্কীমে জনগণের অংশগ্রহণ ও রেজিস্ট্রেশন কার্যক্রম সহজলভ্য করতে সকল ইউনিয়ন পরিষদে একজন উদ্যোক্তার মাধ্যমে একটি স্থায়ী রেজিষ্ট্রেশন বুথ স্থাপন করার জন্য মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনা রয়েছে।<br><br>এমতাবস্থায়, সকল ইউনিয়ন পরিষদে একটি সার্বজনীন পেনশন স্কীমের রেজিস্ট্রেশন বুথ স্থাপন এবং প্রতিমাসে কমপক্ষে ৫০ জনের সর্বজনীন পেনশন রেজিস্ট্রেশন সম্পন্ন করে এ কার্যালয়ে প্রতিবেদন প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হয়। | (ক) ইউডিসির মাধ্যমে ইউনিয়ন পর্যায়ে বিদেশ গমনেচ্ছুদের আবেদন সেবা চালু করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) যত দ্রুত সম্ভব সকল ইউপি চেয়ারম্যান ও ইউপি সচিবদের নিয়ে ইউডিসি প্রদত্ত সেবাসমূহের সেবামূল্য নির্ধারণ সভা করতে হবে।<br>(গ) স্মার্ট বাংলাদেশ বিনির্মানে এখন থেকে ডিজিটাল মাধ্যমে prottoyon.gov.bd থেকে নাগরিক সনদ, ওয়ারিশান সনদ, চারিত্রিক সনদসহ সকল সেবায় QR code সম্বলিত সনদ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(গ) সকল ইউনিয়ন পরিষদে একটি সার্বজনীন পেনশন স্কীমের রেজিস্ট্রেশন বুথ স্থাপন এবং প্রতিমাসে কমপক্ষে ৫০ জনের সর্বজনীন পেনশন রেজিস্ট্রেশন সম্পন্ন করে এ কার্যালয়ে প্রতিবেদন প্রেরণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। সর্বজনীন পেনশন স্কীমের ব্যানার প্রস্তুত বাবদ ব্যয় ইউনিয়ন পরিষদের নিজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br><br>চেয়ারম্যান, ইউপি (সকল) |
| ২৮ | বিবিধ-৪ | ২০২৪-২০২৫ অর্থ বছরের উপজেলা পরিষদের বাজেট সভায় উপস্থাপন করা হয়। এবিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং পরিশিষ্ট 'গ' মোতাবেক উপজেলা পরিষদের বাজেট সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | ২০২৪-২০২৫ অর্থ বছরের উপজেলা পরিষদের বাজেট পরিশিষ্ট 'গ' মোতাবেক অনুমোদিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ২৯ | বিবিধ-৫ | আসন্ন পবিত্র ঈদুল আযহা/২০২৪ উপলক্ষে জনসাধারণের কোরবানীর পশু ক্রয়-বিক্রয়ের সুবিধার্থে ইউনিয়নের বিভিন্ন স্থান সমূহে ঈদুল আযহা উপলক্ষ্যে স্থানীয় লোকজন অস্থায়ী পশুর হাট বসানোর আবেদন করেছেন। উক্ত হাট সমূহের আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণসহ সরকারি রাজস্ব আদায়ের স্বার্থে পবিত্র ঈদুল আযহা উপলক্ষ্যে অস্থায়ীভাবে ইজারা প্রদানের ক্ষেত্রে পুরাতন বাজার সমূহকে অগ্রাধিকার দিয়ে যাচাই-বছাই করে অনুমোদনের জন্য পরিশিষ্ট-ঘ মোতাবেক বাজারের তালিকা জেলা প্রশাসক, নেত্রকোণা মহোদয় বরাবরে প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। | পবিত্র ঈদুল আযহা উপলক্ষ্যে অস্থায়ীভাবে ইজারা প্রদানের ক্ষেত্রে পুরাতন বাজার সমূহকে অগ্রাধিকার দিয়ে যাচাই-বছাই করে অনুমোদনের জন্য বাজারের তালিকা পরিশিষ্ট-ঘ মোতাবেক জেলা প্রশাসক, নেত্রকোণা মহোদয় বরাবরে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণের দক্ষতা ও আন্তরিকতার সাথে নিজ নিজ দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮/৫/২৪

(মোঃ আতাউর রহমান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
নেত্রকোণা সদর, নেত্রকোণা
ও
সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সভা

CamScanner

তারিখ : ২৮ মে ২০২৪

স্মারক নম্বর-০৫.৪৫.৭২৭৪.০০০.১৮.০০১.১৯-808

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১.মাননীয় সংসদ সদস্য, ১৫৮, নেত্রকোণা-০২।

২.সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩.বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।

৪. জেলা প্রশাসক, নেত্রকোণা।

৫. উপ-পরিচালক, স্থানীয় সরকার, নেত্রকোণা।

৬. চেয়ারম্যান.................................ইউনিয়ন পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।

৭. উপজেলা.................................অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা।

৮. চেয়ারম্যান,.................................ইউনিয়ন পরিষদ(সকল) নেত্রকোণা সদর, নেত্রকোণা।

৯. ..............................................................................................................................................

28/05/24

(তানিয়া তাবাসসুম)
উপজেলা নির্বাহী অফিসার
নেত্রকোণা সদর, নেত্রকোণা